**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-10-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজধানী আগরতলা সহ সারা রাজ্যে প্রতিমা নিরঞ্জন পর্ব আজ রাতে শেষ হবে ।**

**(২) কেন্দ্রীয় বিদেশ ও বস্ত্র মন্ত্রকের প্রতিমন্ত্রী পবিত্র মার্গেরিটা তিনদিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আগামীকাল আগরতলায় আসছেন।**

**(৩) দেশ আজ প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ এপিজে আব্দুল কালামকে তাঁর জন্মদিনে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ডিজিটাল প্রযুক্তির জন্য একটি বৈশ্বিক কাঠামো প্রতিষ্ঠার গুরুত্ব পুনর্ব্যক্ত করেছেন।**

**********************************************

**Mayor-Immersion :**

রাজধানী আগরতলা সহ সারা রাজ্যে প্রতিমা নিরঞ্জন পর্ব আজ রাতে শেষ হবে। পুলিশ সুত্রে জানা গেছে, রাজ্যে সর্বত্র প্রতিমা নিরঞ্জন শান্তিপূর্ণভাবেই চলছে। এদিকে, আগরতলার পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ জানিয়েছেন, তিন দিনে দশমীঘাটে এপর্যন্ত ৩১৬টি প্রতিমা নিরঞ্জন করা হয়েছে। তাছাড়া রাজধানী আগরতলায় আরো ১২টি ঘাটেও প্রতিমা নিরঞ্জন করা হয়েছে। আজ রাতে আগরতলার দশমীঘাট সহ আশপাশ এলাকার ১৫ থেকে ২০টি ক্লাবের প্রতিমা আজ নিরঞ্জন করা হবে।

****************************

**Immersion-South, Khowai, Gomoti :**

দক্ষিন জেলার তিনটি মহকুমার প্রতিমা নিরঞ্জন পর্ব আজ শেষ হচ্ছে। এবার জেলায় মোট ২৭৯টি পূজা হয়েছে। সাব্রুম মহকুমায় শ্রীনগরের যুবকবৃন্দ ক্লাবের বিরুদ্ধে প্রশাসনের নির্দেশ অমান্য করে প্রতিমা নিরঞ্জন না করায় আইনগত পদক্ষেপ নেওয়া হয়েছে বলে জানান মহকুমা পুলিশ আধিকারিক নিত্যানন্দ সরকার।

খোয়াইতে সিংহভাগ দুর্গা প্রতিমা নিরঞ্জন খোয়াই দশমী ঘাটে শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে বলে জানিয়েছেন খোয়াই থানার ওসি সুবীর মালাকার। শান্তিপূর্ণভাবে দুর্গা প্রতিমা নিরঞ্জন সম্পন্ন হওয়ায় খোয়াইয়ের প্রতিটি ক্লাবকে অভিনন্দন জানিয়েছেন খোয়াই জেলার পুলিশ সুপার ডক্টর রমেশ কুমার যাদব।

আজ সন্ধ্যায় উদয়পুরে সনাতনী কীর্তন-ভজনের মাধ্যমে দেবী দুর্গা প্রতিমা নিরঞ্জন সম্পন্ন হয়েছে। এদিকে গোমতি জেলার পুলিশ সুপার নামিত পাঠক আমাদের জেলা প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে জানান, প্রতিমা নিরঞ্জন পর্ব শান্তিপূর্ণভাবে চলছে। জেলা পুলিশ সুপার দশমী ঘাটে নিজে উপস্থিত থেকে নিরাপত্তার কাজকে তদারকি করেন। উল্লেখ্য জেলায় এবছর ৩১২টি পূজা হয়েছে।

****************************

**Central Minister-Tour :**

কেন্দ্রীয় বিদেশ ও বস্ত্র মন্ত্রকের প্রতিমন্ত্রী পবিত্র মার্গেরিটা তিনদিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আগামীকাল আগরতলায় আসছেন। আগামীকাল সন্ধ্যায় তিনি রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে বৈঠক করবেন। এরপর তিনি মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার সঙ্গেও বৈঠক করবেন। আগামীকাল রাতেই তিনি খোয়াই যাবেন। ১৭ই অক্টোবর সকালে খোয়াই জেলায় বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প ও অন্যান্য বিভিন্ন প্রধান

প্রকল্পে কাজের অগ্রগতি পর্যালোচনা করবেন। এরপর তিনি খোয়াই জেলায় শিক্ষা, স্বাস্থ্য, জল জীবন মিশন, কৃষি পরিকাঠামো ও দক্ষতা উন্নয়ন ইত্যাদি সংশ্লিষ্ট প্রকল্পগুলি পরিদর্শন করবেন। তাছাড়া তিনি মহিলা স্ব-সহায়ক দল ও জেলা আধিকারিকদের সঙ্গে মত বিনিময় করবেন। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা আগামীকাল বিকেলে সিমনার সনখলায় হ্যান্ডিক্রাফটস ক্লাস্টার ও ফটিকছড়ায় হ্যান্ডলুম এওয়ারনেস প্রোগ্রাম এবং শিশু উন্নয়ন প্রকল্পের অধীনে সমার্থ প্রশিক্ষণ পরিদর্শন করবেন। ১৭ই অক্টোবর সন্ধ্যায় উদয়পুরে মাতা ত্রিপুরা সুন্দরী মন্দির দর্শন করবেন। ১৮ই অক্টোবর সকালে তিনি আগরতলায় সচিবালয়ে বস্ত্র মন্ত্রক এবং রাজ্য সরকারের হস্ততাঁত হস্তকারু ও রেশম শিল্প দপ্তরে আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন। তাছাড়া তিনি আগরতলায় পূর্বাশা এম্পোরিয়াম উইভার্স সার্ভিস সেন্টার পরিদর্শন করবেন। ঐদিন সন্ধ্যায় আগরতলা থেকে দিল্লির উদ্দেশ্যে রওনা হবেন।

***************************

**National Water Award :**

কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সিআর পাটিল গতকাল নতুন দিল্লির শ্রম শক্তি ভবনে পঞ্চম জাতীয় জল পুরস্কারের বিজয়ীদের নামের তালিকা ঘোষণা করেছেন। জলশক্তি মন্ত্রকের আওতাধীন জল সম্পদ, নদী উন্নয়ন ও গঙ্গা পুনরুজ্জীবন বিভাগ ২০২৩ সালের পঞ্চম জাতীয় জল পুরস্কারের জন্য যৌথ বিজয়ী সহ ৩৮টি নাম ঘোষণা করেছে। শ্রেষ্ঠ রাজ্য বিভাগে প্রথম পুরস্কার পাচ্ছে ওড়িশা, দ্বিতীয় উত্তর প্রদেশ এবং গুজরাট ও পুদুচেরি যৌথভাবে তৃতীয় সেরা হিসেবে নির্বাচিত হয়েছে। সেরা জেলা বিভাগে, উত্তরপূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরা রাজ্যের ধলাই জেলা সেরা জেলা হিসেবে চিহ্নিত হয়েছে। জল ব্যবহার করার ক্ষেত্রে সেরা উপায় অনুশীলনের জন্য সেরা রাজ্য, সেরা জেলা, সেরা গ্রাম পঞ্চায়েত, সেরা শহুরে স্থানীয় সংস্থা, সেরা স্কুল বা কলেজ,

সেরা শিল্প, সেরা জল ব্যবহারকারী সমিতি, স্কুল বা কলেজ ব্যতীত সেরা প্রতিষ্ঠান এবং সেরা নাগরিক সমাজ - এই ৯টি বিভাগে এই পুরস্কার দেওয়া হয়।

*******************************

**Abdul Kalam :**

দেশ আজ প্রাক্তন রাষ্ট্রপতি ডঃ এপিজে আব্দুল কালামকে তাঁর জন্মদিনে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে। ১৯৩১ সালের আজকের দিনে প্রাক্তন রাষ্ট্রপতি তামিলনাড়ুর রামেশ্বরমে জন্মগ্রহণ করেছিলেন। ভারতের মিসাইল ম্যান হিসাবে পরিচিত, ডঃ আব্দুল কালাম ভারতের অন্যতম বিশিষ্ট বিজ্ঞানী ছিলেন। ৩০টি বিশ্ববিদ্যালয় এবং প্রতিষ্ঠান থেকে সম্মানসূচক ডক্টরেট প্রাপ্তির অনন্য সম্মানের অধিকারী তিনি। তিনি পদ্মভূষণ, পদ্মবিভূষণ এবং সর্বোচ্চ অসামরিক পুরস্কার, ভারতরত্ন উপাধিতে ভূষিত হন। ২০০২ সালে, তিনি ভারতের একাদশতম রাষ্ট্রপতি হন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ আলজেরিয়ার আলজিয়ার্সে ডঃ এপিজে আবদুল কালামের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে তাঁকে শ্রদ্ধা নিবেদন করেন।

প্রধানমন্ত্রী, নরেন্দ্র মোদী ডঃ এপিজে আবদুল কালামকে শ্রদ্ধা জানিয়েছেন।

সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেন, বিকশিত ভারতের সংকল্প অর্জনে তাঁর দৃষ্টিভঙ্গি এবং চিন্তাভাবনা কাজে আসবে।

****************************

**Abdul kalam-State :**

দেশের প্রাক্তন রাষ্ট্রপতি ভারতরত্ন ডঃ এ পি জে আব্দুল কালামের জন্মদিন উপলক্ষে আজ আগরতলা প্রেস ক্লাবে অনুষ্ঠানের আয়োজন করে জালার খেদমত আল ইনসান ফাউন্ডেশন। অনুষ্ঠানে আলোচনা করেন ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম

লোধ, বিধায়ক সুশান্ত দেব, সাংবাদিক প্রণব সরকার সহ অন্যান্যরা। অনুষ্ঠানে বন্যার ত্রানে যেসব সংস্থা এবং ব্যক্তিরা ভাল কাজ করেছেন এমন ২৪ জনকে সংবর্ধনা দেওয়া হয়।

***************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM, Digital India :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ডিজিটাল প্রযুক্তির জন্য একটি বৈশ্বিক কাঠামো প্রতিষ্ঠার গুরুত্ব পুনর্ব্যক্ত করেছেন। তিনি জোর দিয়ে বলেন যে এই বিষয়টি ভারত তার G-20 সভাপতিত্বের সময় উত্থাপন করেছিল এবং বৈশ্বিক শাসনের জন্য এর তাৎপর্য উপলব্ধি করার জন্য বৈশ্বিক প্রতিষ্ঠানগুলিকে অনুরোধ করেছিল। আজ সকালে নতুনদিল্লিতে ভারত মন্ডপমে ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন ITU- ওয়ার্ল্ড টেলিকমিউনিকেশন স্ট্যান্ডার্ডাইজেশন অ্যাসেম্বলি WTSA ২০২৪-এর উদ্বোধন করে, তিনি একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন WTSA-র লক্ষ্য বৈশ্বিক মানের দিকে কাজ করা, যেখানে ইন্ডিয়া মোবাইল কংগ্রেস পরিষেবাগুলিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

প্রধানমন্ত্রী বলেন যে আজ, ভারত টেলিকম এবং সংশ্লিষ্ট প্রযুক্তির দিক থেকে বিশ্বের অন্যতম গতিশীল দেশ। তিনি বলেন, ভারতে ১২০ কোটি মোবাইল ফোন ব্যবহারকারী এবং ৯৫ কোটি ইন্টারনেট ব্যবহারকারী রয়েছেন। বিশ্বের ৪০ শতাংশেরও বেশি রিয়েল-টাইম ডিজিটাল লেনদেন এদেশে হয়। প্রধানমন্ত্রী বলেন,

##########Byte#########

তিনি উল্লেখ করেন যে ভারতের ডিজিটাল দৃষ্টিভঙ্গির চারটি স্তম্ভ হলো, সস্তা ডিভাইস, দেশের সমস্ত কোনে সংযোগ পৌঁছোনো, সাশ্রয়ী মূল্যের ডেটা এবং ডিজিটাল-ভাবে প্রথম হওয়া। তিনি আরও উল্লেখ করেছেন যে ভারত বাকি বিশ্বের সঙ্গে সফলভাবে ডিজিটাল পরিকাঠামো তৈরিতে তার অভিজ্ঞতা ভাগ করে নিতে প্রস্তুত। প্রধানমন্ত্রী বলেন, ভারত বিশ্বের দ্বিতীয় বৃহত্তম 5G বাজার হয়ে উঠেছে এবং সরকার এখন 6G প্রযুক্তিতে নিবিড়ভাবে কাজ করছে। তিনি আরও বলেন, দেশের প্রায় প্রতিটি জেলাই এখন 5G নেটওয়ার্কের সঙ্গে যুক্ত। তিনি বলেন, টেলিকম ক্ষেত্রে ভারতের সংস্কার ও উদ্ভাবন অকল্পনীয় এবং অভূতপূর্ব।

প্রধানমন্ত্রী বলেন যে ২০১৪ সালের মাত্র দুটি মোবাইল উৎপাদন ইউনিটের জায়গায়, আজ, দেশে ২০০টিরও বেশি ইউনিট রয়েছে।

তিনি বলেন ভারত প্রযুক্তি নেতৃত্বে মহিলাদের জন্য অসংখ্য সুযোগ তৈরি করছে। তিনি সরকারের নমো ড্রোন দিদি উদ্যোগের কথা উল্লেখ করেন, যা ড্রোন ব্যবহারের মাধ্যমে কৃষিতে বিপ্লব ঘটাচ্ছে।

প্রধানমন্ত্রী অনুষ্ঠান থেকে ইন্ডিয়া মোবাইল কংগ্রেস ২০২৪-এর অষ্টম পর্বের উদ্বোধন করেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া বলেন যে ভারত এখন 6G প্রযুক্তির বিকাশে বিশ্বকে নেতৃত্ব দেওয়ার জন্য প্রস্তুত। তিনি জানান যে গত তিন বছরে, সরকার এই ক্ষেত্রে দশ বিলিয়ন মার্কিন ডলারের বেশি

বিনিয়োগ করেছে এবং গ্রামীণ ভারত জুড়ে সাত লক্ষ কিলোমিটার ফাইবার স্থাপন করা হয়েছে।

*************************

**Assembly Election :**

ভারতের নির্বাচন কমিশন আজ মহারাষ্ট্র ও ঝাড়খণ্ড বিধানসভা নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করেছে। ২০শে নভেম্বর মহারাষ্ট্রের ২৮৮টি বিধানসভা আসনে এক দফায় ভোট হবে। ঝাড়খণ্ডের ৮১টি বিধানসভা আসনের জন্য ১৩ এবং ২০শে নভেম্বর দুই দফায় ভোট হবে। ১৫টি রাজ্যের ৪৮টি বিধানসভা আসন এবং ২টি লোকসভা আসনের উপনির্বাচনও ১৩ এবং ২০শে নভেম্বর অনুষ্ঠিত হবে। ২৩শে নভেম্বর ভোট গণনা হবে।

*************************

**Vice President :**

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর আগামীকাল থেকে আসামের গুয়াহাটি এবং মেঘালয়ের শিলং-এ দুদিনের সফরে যাবেন। সফরকালে তিনি শিলংয়ের মাওদিয়াংদিয়াং-এ মেঘালয় স্কিল অ্যান্ড ইনোভেশন হাবের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তিনি শিলংয়ের আইটি পার্ক এবং রাজভবন পরিদর্শন করবেন ও মুখ্যমন্ত্রী এবং অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে মিলিত হবেন।

*************************

**Internet in North District :**

রাজ্যের স্বরাষ্ট্র সচিব ডঃ প্রদীপ কুমার চক্রবর্তী এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, আজ বিকাল ৫টা থেকে আগামী ৭২ ঘন্টার জন্য উত্তর ত্রিপুরা জেলায় মোবাইল ইন্টারনেট পরিষেবা, মোবাইলে এসএমএস ও সব ধরনের প্রেস বার্তা পরিষেবা স্থগিত রাখা হয়েছে। উত্তর জেলায় কিছু অঞ্চলে দুই সম্প্রদায়ের মধ্যে অনভিপ্রেত ঘটনার পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। স্বরাষ্ট্র সচিবের বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে এই বিজ্ঞপ্তি অমান্য

করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতা ২০২৩-এর ২২৩ ধারা অনুযায়ী ইন্ডিয়ান টেলিগ্রাফ এক্ট ১৮৮৫ এবং দা টেম্পরারি সাসপেনসান অফ টেলিকম সার্ভিসেস রুলস ২০১৭ মোতাবেক ব্যবস্থা নেওয়া হবে। এদিকে, ধর্মনগর মহকুমা শাসক এক আদেশ বলে গোটা ধর্মনগর মহকুমায় ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ১৬৩ ধারা জারি করেছেন।

****************************

**Raid :**

সদর মহকুমা শাসক ও আরক্ষা প্রশাসন যৌথ উদ্যোগে আজ শব্দবাজির বিরুদ্ধে অভিযানে নেমে আগরতলার মহারাজগঞ্জ বাজার এর বিভিন্ন দোকান থেকে শব্দবাজি আটক করেছে। দপ্তরের এক আধিকারিক জানান, আগামীকাল কোজাগরী লক্ষ্ণীপূজা এবং সামনেই দীপাবলী উৎসবে শব্দবাজী ফাটানো হয়ে থাকে। তাই শব্দদূষণের জন্য সেসমস্ত জিনিস ক্ষতিকারক তার বিরুদ্ধে অভিযানে চালানো হয়েছে। তিনি বলেন যেসব দোকান থেকে শব্দবাজি আটক করা হয়েছে তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

*****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৫ ডিগ্রি সেলসিয়াস।

*****************************

**Naidu Trophy :**

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে ত্রিপুরার বিরুদ্ধে মহারাষ্ট্র পরাজয় এড়ানোর জন্য লড়াই করছে।

ঔরাঙ্গাবাদে আয়োজিত চারদিনের ম্যাচের তৃতীয় দিনে আজ ৩ উইকেটে ৬২ রান থেকে স্বাগতিক মহারাষ্ট্র দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে দিনের শেষে ৭ উইকেট হারিয়ে ৩১২ রান করে। ফলে ১৪২ রানে এগিয়ে রয়েছে। এর আগে মহারাষ্ট্রের প্রথম ইনিংসের ১০৭ রানে জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ২৭৭ রান করেছিল। আগামীকাল খেলার শেষ দিন।

****************************